# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৬৪

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ যখন কোন মুসলিম ব্যক্তি অসুস্থ হবে এবং তার সুস্থতার আশা করা যাবে, তখন তার জন্য কী দু‘আ করবে, সে সম্পর্কে বর্ণনা

ذكر ما يدعو المرء لِأَخِيهِ الْمُسْلِمِ إِذَا كَانَ عَلِيلًا وَيُرْجَى لَهُ الْبُرْءُ به

আরবী

2964 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ بِبَيْتِ الْمَقْدِسِ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ عَبْدِ رَبِّهِ بْنِ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا مِنْهَالُ بْنُ عَمْرٍو قَالَ: أَخْبَرَنِي سَعِيدُ بْنُ جُبَيْرٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ , عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا عَادَ مَرِيضًا جَلَسَ عِنْدَ رَأْسِهِ ثُمَّ قَالَ ـ سَبْعَ مِرارٍ ـ: (أسأَلُ اللَّهَ الْعَظِيمَ ـ رَبَّ الْعَرْشِ الْعَظِيمِ ـ أَنْ يَشْفِيَكَ) فَإِنْ كَانَ فِي أَجَلِهِ تأخيرٌ عُوفي من وجعه ذلك.

الراوي : ابْن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2964 | خلاصة حكم المحدث: صحيح – ((صحيح أبي داود)) (2719).

বাংলা

২৯৬৪. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোন ব্যক্তিকে দেখতে আসতেন, তখন তিনি সাতবার বলতেন, أسأَلُ اللَّهَ الْعَظِيمَ ـ رَبَّ الْعَرْشِ الْعَظِيمِ ـ أَنْ يَشْفِيَكَ (আমি মহান আরশের অধিপতি, সুমহান আল্লাহর কাছে প্রার্থনা করছি, যেন তিনি তোমাকে সুস্থতা দান করেন)।”

অতঃপর যদি তার আয়ুষ্কাল অবশিষ্ট থাকতো, তবে তাকে সেই ব্যথা-বেদনা থেকে নিরাময় দান করা হতো।”[1]

## ফুটনোট

[1] হাকিম: ৪/২১৩; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ৫৩৬; মুসনাদ আহমাদ: ১/২৩৯।

আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২৭১৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92294

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন